যুগান্তর

JUN 29 2000

তারিখ ... পৃষ্ঠা ৩ ... কলাম ... ১......

# ১৫ দফা দাবিতে কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কর্মসূচি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

জাতীয় বাজেটে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারি অংশ একশ'ভাগে উন্নীত করা এবং শিক্ষাকে জাতীয়করণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের দাবি জানিয়েছে বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল এক সাংবাদিক সম্মেলনে সমিতি তাদের ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে কর্মসূচি ঘোষণা করে।

ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক

**শিক্ষক** : পৃষ্ঠা : ৭ কলাম : ৬

## শিক্ষক : সমিতি

(৩য় পৃষ্ঠার পর)

অধ্যাপক এমএ বারী। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি ড. ম. আখতারুজ্জামান, অধ্যাপক রঙ্গলাল সেন, ড. নূর মোহাম্মদ তালুকদার, মিজানুর রহমান মজুমদার, শফিকুল ইসলাম, রেজাউল কবির পাটোয়ারী, হোসনে আরা আক্তার, নূরজাহান বেগম প্রমুখ।

নেতৃবৃন্দ বলেন, প্রস্তাবিত বাজেটে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের দাবি উপেক্ষিত হয়েছে। নির্বাচনের আগে বর্তমান প্রধানমন্ত্রী খালেদা জিয়া বেসরকারি শিক্ষক-কর্মচারীদের যেসব প্রতিশ্রুতি দিয়েছিলেন তা বাস্তবায়নের কোন উদ্যোগ আজও পরিলক্ষিত হচ্ছে না। ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে সমিতির নেতৃবৃন্দ গতকাল বিকালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরে স্মারকলিপি পেশ করেন। কর্মসূচির মধ্যে রয়েছে ২৯ জুন উপজেলা নির্বাহী অফিসারের কাছে এবং ৩০ জুন জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ। এছাড়া জুলাই মাসের প্রথম সপ্তাহে শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করা হবে।